

সাধারণত মাঠে মসুর বীজ গজানোর পর জাতভেদে ৬০-৭০ দিন এর মধ্যে ফুল আসে। এসময় মসুরের মারাত্মক ক্ষতিকারক রোগ স্টেমফাইলিয়াম ব্লাইটের আক্রমণ দেখা দিতে পারে। স্টেমফাইলিয়াম ব্লাইটের আক্রমণে মসুরের ফুল নষ্ট হয়ে যায়। ফলে মসুরের দানা তৈরী হতে পারে না। সাধারণত ঘন কুয়াশা ও তাপমাত্রা বৃদ্ধির কারণে স্টেমফাইলিয়াম ব্লাইটের প্রাদুর্ভাব বেশী হয়। তাই মসুর গাছে ২/১ টি ফুল দেখা যাওয়ার সাথে সাথে রোভরাল ৫০ WP ছত্রাকনাশক প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে মিশিয়ে গাছ স্প্রে করতে হবে। এমন ভাবে স্প্রে করতে হবে যাতে সম্পূর্ণ গাছটি ভিজে যায়। একবিঘা জমিতে (৩৩ শতাংশ) স্প্রে করতে প্রায় ৬০-৭০ লিটার পানি এবং ১১৫-১৩০ গ্রাম রোভরাল ছত্রাক নাশকের প্রয়োজন হয়। প্রথম বার স্প্রে করার ৭-১০ দিন পর দ্বিতীয়বার এবং প্রয়োজন অনুযায়ী পুনরায় ৭-১০ দিন পর তৃতীয়বার স্প্রে করতে হবে। শীতকালে গাছের পানি শুকিয়ে গেলে বেলা ১১.০০ ঘটিকার দিকে স্প্রে করলে ভাল ফল পাওয়া যায়। কখনও কখনও জাবপোকার আক্রমণ দেখা দিলে তখন এ পোকা দমনের জন্য টাফগর ৪০ ইসি ২ মি.লি. প্রতি লিটার পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে। এছাড়াও মসুরের জমি আগাছামুক্ত ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।